

# শেকুবি উপাচার্যের আমলনামা চেয়ে ইউজিসির চিঠি

শেকুবি সংবাদদাতা

০১ জুলাই ২০২৪, ১২:০০ এএম



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শহীদুর রশীদ ভূঁইয়ার বিরুদ্ধে নিয়োগ, টেন্ডারবাজি ও আর্থিক অনিয়মের অভিযোগের তথ্য চেয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে চিঠি দিয়েছে গঠিত ইউজিসির তদন্ত কমিটি। এর মধ্যে উপাচার্যের সন্তানকে নিয়োগসহ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী নিয়োগ, অনভিজ্ঞ প্রতিষ্ঠানকে গ্রিন হাউজ নির্মাণ ও ফার্নিচারের টেন্ডার, উপাচার্যের স্ত্রীর গাড়ি ভাড়াসহ সব কার্যবিবরণী চেয়েছে কমিটি। কমিটির সদস্য সচিব গোলাম দস্তগীর স্বাক্ষরিত এক চিঠিতে ২ জুলাইয়ের মধ্যে তথ্য দেওয়ার নির্দেশনা দেওয়া হয়।

দস্তগীর বলেন, নিয়োগ, টেন্ডারবাজি, আর্থিক অনিয়মসংক্রান্ত অভিযোগের ব্যাখ্যা পেয়ে কমিশন তিন

সদস্যের তদন্ত কমিটি গঠন করে। অভিযোগ খতিয়ে দেখতে তার উপাচার্য থাকাকালীন সব কার্যবিবরণী চেয়েছি। ১০ কোটি ৪০ লাখ টাকার কার্যাদেশপ্রাপ্ত রওশন এলিভেটর লিমিটেডের কাজের অভিজ্ঞতা সনদ, লিফট ক্রয়ের আগে বিদেশ গমনকৃত

বিশেষজ্ঞ টিমের তালিকা ও প্রতিবেদন, লিফট স্থাপনকৃত ভবনসমূহের তালিকা, বিল পরিশোধসংক্রান্ত নোটের তথ্য চেয়েছে ইউজিসি।

এ ছাড়া ১২ কোটি টাকার ফার্নিচার সরবরাহে কার্যাদেশপ্রাপ্ত ডটস ফার্নিচারের অভিজ্ঞতা সনদ, রিসিভিং কমিটির কার্যপত্র, বিল পরিশোধসংক্রান্ত নোটের কপিসহ কৃষি গুচ্ছভর্তি পরীক্ষার (২০২১-২২ ও ২০২২-২৩) আয় ও ব্যয়ের বিবরণী, উপাচার্যের সরকারি বাসভবনে মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং ইলেকট্রিক সামগ্রী ক্রয়সংক্রান্ত ব্যয় বিবরণীর তথ্য চেয়েছে তদন্ত কমিটি।

শেকুবি রেজিস্ট্রার শেখ রেজাউল করিম বলেন, যাবতীয় তথ্যসহ ব্যাখ্যা দিয়েছিলাম। বর্তমানে তারা সেসবের প্রমাণসহ যাবতীয় কাগজপত্র চেয়েছে। আমরা যথাযথ সময়ে প্রেরণের জন্য কাজ করছি।